বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50
Microcredit Regulatory Authority
# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।
মুজিব শতবর্ষ MUJIB 100
'মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার'

স্মারক নম্বর-৫৩.০৪.০০০০.২১.৩১.০০৮.২২-১৯০৫ তারিখঃ ১০ ভাদ্র ১৪২৯
২৫ আগস্ট ২০২২

**বিষয়ঃ ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটি গঠন।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের ক্ষুদ্রঋণ খাত সারা বিশ্বে অন্যতম বৃহৎ ক্ষুদ্রঋণ খাত হিসেবে সুপরিচিত। দেশের ক্ষুদ্রঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে দারিদ্র বিমোচন ও আর্থিক অন্তর্ভুক্তি সহায়ক ক্ষুদ্রঋণ খাত বিনির্মানে আইনের মাধ্যমে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠার পর থেকে "স্বচ্ছতা ও জবাবদিহিতামূলক ক্ষুদ্রঋণ খাত প্রতিষ্ঠার মাধ্যমে দেশের দারিদ্র বিমোচন ও টেকসই উন্নয়ন"-এ ভিশনকে সামনে রেখে বিধি ও প্রবিধি প্রণয়ন এবং কার্যপদ্ধতি নির্ধারণের মাধ্যমে সনদ প্রদানসহ দেশের ক্ষুদ্রঋণ খাতের সার্বিক উন্নয়নে এমআরএ কাজ করছে। এমআরএ'র সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (এমএফআই), বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থা এবং ব্যাংক কর্তৃক পরিচালিত এ বিশাল ক্ষুদ্রঋণ খাত আর্থিক সেবার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি, ক্ষুদ্র উদ্যোক্তা তৈরী ও মানব সম্পদ উন্নয়নের পাশাপাশি স্বাস্থ্য, শিক্ষা ও দুর্যোগ মোকাবেলাসহ বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক সেবা প্রদান করছে। বর্তমানে এমআরএ'র সনদপ্রাপ্ত ৭৪১টি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান সারাদেশে প্রায় ২২ হাজার শাখা অফিসের পৌনে ২ লক্ষ জনবলের মাধ্যমে ঋণ প্রদান, সঞ্চয় গ্রহণ ও রেমিটেন্স বিতরণের মাধ্যমে প্রায় সাড়ে ৩ কোটি মানুষকে আর্থিক সেবা প্রদান করছে। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ অনুসারে এমআরএ'র সনদ ব্যাতীত এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করার সুযোগ নেই। ক্ষুদ্রঋণ কার্যক্রমে জেলা পর্যায়ে সমন্বয় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

২। এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটি নিম্নরূপে গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা | সভাপতি |
| (২) | পুলিশ সুপার, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| (৩) | সকল উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| (৪) | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| (৫) | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| (৬) | জেলা সমবায় কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| (৭) | পল্লী সঞ্চয় ব্যাংকের মনোনীত জেলা পর্যায়ের কর্মকর্তা | সদস্য |
| (৮) | গ্রামীন ব্যাংকের মনোনীত জেলা পর্যায়ের কর্মকর্তা | সদস্য |
| (৯) | জেলায় কার্যরত এমআরএ'র সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রতিনিধি | সদস্য |
| (১০) | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সংশ্লিষ্ট জেলা | সদস্য সচিব |

৩। কমিটির কর্মপরিধিঃ

(১) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সকল সংস্থা/দপ্তর ও ব্যাংকের ক্ষুদ্রঋণ কার্যক্রম পর্যালোচনা ও সুপারিশকরণ;
(২) বেআইনী ক্ষুদ্রঋণ কার্যক্রম বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
(৩) ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনায় সহযোগিতা প্রদান;
(৪) প্রতি ৩ (তিন) মাসে ১টি সভা আয়োজন;
(৫) প্রয়োজনে সদস্য কোঅপ্ট করা ; এবং
(৬) বিবিধ।

৪। এমআরএ কর্তৃক নির্ধারিত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কর্মকর্তা/প্রতিনিধি জেলা সমন্বয় কমিটির ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। জেলা ভিত্তিক ফোকাল পয়েন্ট ও যুগ্ম ফোকাল পয়েন্ট এর তালিকা এতদসঙ্গে সংযুক্ত।

৫। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৫/৮/২০২২
(মোঃ ফসিউল্লাহ্)
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান

**বিতরণ কার্যার্থে:**

**(১) জেলা প্রশাসক..................................................(সকল)।**
**(২) পুলিশ সুপার.................................................. (সকল)।**

চলমান পাতা-২

Microcredit Regulatory Authority

# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

'মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার'



**(৩) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)................................ (সকল)।**
**(৪) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়.........................(সকল)।**
**(৫) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা.................... ................(সকল)।**
**(৬) জেলা সমবায় কর্মকর্তা............................................... (সকল)।**
**(৭) উপজেলা নির্বাহী কর্মকর্তা....................................... ....(সকল)।**
**(৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান ...............(সকল)।**

স্মারক নম্বর-৫৩.০৪.০০০০.২১.৩১.০০৮.২২-১৯০৫

তারিখঃ ১০ ভাদ্র ১৪২৯
২৫ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) বিভাগীয় কমিশনার...............(সকল)।
(২) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সমাজ সেবা ভবন, ই-৮/বি-১,আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
(৩) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
(৪) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, এফ-১০, আগারগাঁও, শেরে-ই-বাংরা নগর, ঢাকা।
(৫) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-৯), ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
(৬) ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীন ব্যাংক, গ্রামীন ব্যাংক ভবন, মিরপুর-২, ঢাকা-১২১২ (উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
(৭) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৮) মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৯) গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
(১০) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১২) অফিস নথি।

২৫|৮|২০২২

(মোঃ জিল্লুর রহমান)
পরিচালক
ফোনঃ ৮৩৩২৫৩৮